

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা  
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, নভেম্বর ৭, ২০১৮

বাংলাদেশ নির্বাচন কমিশন  
নির্বাচন কমিশন সচিবালয়  
নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকা

প্রজ্ঞাপন

তারিখ : ২৩ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ/ ০৭ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

এস, আর, ও, নং ৩২৫-আইন/২০১৮।—Representation of the People Order, 1972 (President's Order No. 155 of 1972) এর Article 94 এ প্রদত্ত ক্ষমতাবলে নির্বাচন কমিশন নির্বাচন পরিচালনা বিধিমালা, ২০০৮ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:—

উপরি-উক্ত বিধিমালার—

(১) বিধি ২ এর—

(ক) দফা (ছ) এর পর নিম্নরূপ দফা (ছছ) সন্নিবেশিত হইবে, যথা:—

“(ছছ) “পোর্টাল” অর্থ নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটের নির্ধারিত পোর্টাল;”;

(খ) দফা (ঝ) এ উল্লিখিত “অনুচ্ছেদ ২০” শব্দ ও সংখ্যার পরিবর্তে “বিধি ৯” শব্দ ও সংখ্যা প্রতিস্থাপিত হইবে;

(২) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:—

“৩। মনোনয়নপত্র সংগ্রহ এবং দাখিল।—(১) কোনো প্রার্থী বা প্রস্তাবকারী বা সমর্থনকারী বা প্রার্থীর প্রতিনিধি মনোনয়নপত্র দাখিলের নির্ধারিত তারিখের মধ্যে—

(ক) সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট হইতে মনোনয়নপত্র সংগ্রহ করিতে পারিবেন; অথবা

( ১৪৪৬৩ )

মূল্য : টাকা ৪.০০

(খ) পোর্টালে প্রবেশ করিয়া তাহার নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করিয়া মনোনয়নপত্রের জন্য রেজিস্ট্রেশন করিতে পারিবেন, রেজিস্ট্রেশন সম্পন্ন হইলে একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে; এবং উক্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া পোর্টালে লগইন করিয়া মনোনয়নপত্র ডাউনলোড করিতে পারিবেন।

(২) অনুচ্ছেদ ১২ এর বিধান সাপেক্ষে, কোনো মনোনয়নপত্র সরাসরি বা অনলাইনে দাখিল করা যাইবে।

(৩) উপ-বিধি (২) এর অধীন অনলাইনের মাধ্যমে মনোনয়নপত্র দাখিলের ক্ষেত্রে নিম্নবর্ণিত পদ্ধতি অনুসরণ করিতে হইবে, যথা:—

(ক) উপ-বিধি (১) এর দফা (খ) এর অধীন ডাউনলোডকৃত মনোনয়নপত্র যথাযথভাবে পূরণ করিয়া প্রার্থী পূর্বে রেজিস্ট্রেশন না করিয়া থাকিলে তাহাকে পোর্টালে প্রবেশ করিয়া তাহার নাম, জাতীয় পরিচয়পত্র নম্বর, মোবাইল ফোন নম্বর, ই-মেইল আইডি এবং নির্বাচনি এলাকার নম্বর ও নাম এন্ট্রি করিয়া রেজিস্ট্রেশন করিতে হইবে; রেজিস্ট্রেশন সম্পন্ন হইলে একটি ইউজার নেইম ও পাসওয়ার্ড পাওয়া যাইবে;

(খ) দফা (ক) এর অধীন প্রাপ্ত ইউজার নেইম ও পাসওয়ার্ড ব্যবহার করিয়া প্রার্থী নিজে মনোনয়নপত্র এবং সংশ্লিষ্ট কাগজপত্র স্ক্যান করিয়া Portable Document Format (পিডিএফ) আকারে দাখিল করিবেন;

(গ) দফা (খ) এর অধীন মনোনয়নপত্র দাখিলের পর প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে স্বয়ংক্রিয়ভাবে এসএমএস এর মাধ্যমে দাখিলের বিষয়টি নিশ্চিত করিতে হইবে;

(ঘ) রিটার্নিং অফিসার অনলাইনে প্রাপ্ত প্রত্যেকটি মনোনয়নপত্রে ক্রমিক নম্বর প্রদান করিবেন; এবং উক্ত ক্রমিক নম্বরসহ মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে প্রার্থীর নাম, দাখিলের তারিখ ও সময় এবং রিটার্নিং অফিসার কখন, কোথায় মনোনয়নপত্র বাছাই করিবেন তাহা মনোনয়নপত্রের পঞ্চম খণ্ডে উল্লেখ করিয়া স্বাক্ষর ও সিলমোহর প্রদানপূর্বক উহার পিডিএফ ফাইল তৈরি করিয়া প্রার্থীকে তাহার ই-মেইলে প্রেরণ করিবেন;

(ঙ) অনলাইনে দাখিলকৃত মনোনয়নপত্র সংশ্লিষ্ট কাগজপত্রাদির মূল কপি মনোনয়নপত্র বাছাইয়ের নির্ধারিত দিনে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসারের নিকট দাখিল করিতে হইবে।”;